**FYUG Odd Semester Exam., 2025**

# BENGALI

**( 5th Semester )**

Course No. : BNGDSC–301T

( রবীন্দ্র সাহিত্য )

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## একক—১

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'পুনশ্চ' কাব্য কত সালে প্রকাশিত হয়? এই গ্রন্থ কাকে উৎসর্গ করা হয়েছে?

(খ) 'পুনশ্চ' কাব্যের কোন্ কবিতায় অন্বিকে মাস্টারের উল্লেখ আছে? সিধু গয়লানি কে?

(গ) 'পুনশ্চ' ছাড়া রবীন্দ্রনাথ ঠাকুরের যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) "ছেলেমানুষের জগৎটা বড়োদের চেয়ে ছোটো এ কথা বলাই চলে না, বড়ো জোর বলতে পারি সেটা আলাদা।" কবির এই মন্তব্য অনুসরণে 'ছেলেটা' কবিতাটির ভাববস্তু বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

(খ) 'পুনশ্চ' কাব্যের ভূমিকায় কবি বলেছেন, ''অসংকুচিত গদ্যরীতিতে কাব্যের অধিকারকে অনেকদূর বাড়িয়ে দেওয়া সম্ভব এই আমার বিশ্বাস এবং সেইদিকে লক্ষ্য রেখে এই গ্রন্থে প্রকাশিত কবিতাগুলি লিখেছি।'' 'পুনশ্চ' কাব্যের গদ্যরীতির স্বাতন্ত্র্যের পরিচয় দাও।

## একক—২

৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'শেষের কবিতা' উপন্যাসটি কত সালে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল?

(খ) ''ফ্যাশানটা হল মুখোশ, স্টাইলটা হল মুখশ্রী।'' এটি কার উক্তি? সে কোন্ বিশ্ববিদ্যালয়ে পাঠগ্রহণ করেছিল?

(গ) লাবণ্যর বাবার নাম কী? তাঁর জীবিকা কী ছিল?

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'শেষের কবিতা' উপন্যাসের অমিত রায় চরিত্রটি আলোচনা করো।

(খ) '' 'শেষের কবিতা' শুধু রবীন্দ্র উপন্যাস ধারায় নয়, সমগ্র বাংলা সাহিত্যে বিভিন্ন দিক দিয়ে অভিনব।'' এই মন্তব্যের আলোকে 'শেষের কবিতা' উপন্যাসের নামকরণের সার্থকতা প্রতিপন্ন করো।

## একক—৩

৫। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'রাজা' নাটক কত সালে প্রথম প্রকাশিত হয়? এই নাটকের অভিনয়যোগ্য সংক্ষিপ্ত সংস্করণের নাম কী?

(খ) রবীন্দ্রনাথ ঠাকুর 'রাজা' নাটকটি বৌদ্ধ আখ্যানের কোন্ কাহিনি অবলম্বনে রচনা করেছিলেন? এই নাটকের কবিকৃত ইংরেজি অনুবাদের নাম লেখো।

(গ) ''তখন দেখি যত ভয়ানক ততই সুন্দর।
বেঁচে গেলুম, বেঁচে গেলুম, জন্মের মতো বেঁচে গেলুম।'' এই উক্তিটি কে, কাকে বলেছেন?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ''রাজাকে পাইতে হইলে সকল অহংকার ও অভিমান ত্যাগ করিয়া দীনবেশে পথের ধূলায় নামিতে হইবে,—বিলাসে, আরামে তাঁহাকে লাভ করা যায় না। তাঁহাকে তপস্যার দ্বারা দুঃখের দ্বারা জয় করিয়া পাইতে হইবে।'' এই মন্তব্যের নিরিখে 'রাজা' নাটকের রানী সুদর্শনার চরিত্র আলোচনা করো।

(খ) 'রূপক সাংকেতিক' নাটক হিসেবে 'রাজা' নাটকটির সার্থকতা বিশ্লেষণ করো।

## একক—৪

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'ছিন্নপত্র'-এ সংকলিত ১নং পত্রটি রবীন্দ্রনাথ ঠাকুর কত খ্রিস্টাব্দে, কোথায় লিখেছিলেন?

(খ) 'ছিন্নপত্র' গ্রন্থাকারে কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল? এই গ্রন্থের ১০ নং পত্রে উল্লিখিত কবিগুরুদের বোট কোথায় লাগানো ছিল?

(গ) ''গান তার পূর্বে তেমন মিষ্টি কখনো শুনিনি।'' 'ছিন্নপত্র'-এর ৩৬ নং পত্রে উল্লিখিত এই মন্তব্যটি রবীন্দ্রনাথ ঠাকুর কার গান, কখন শুনে করেছিলেন?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) পত্রসাহিত্য হিসেবে 'ছিন্নপত্র'-এর সার্থকতা প্রতিপন্ন করো।

(খ) "'ছিন্নপত্র' গ্রন্থে সংকলিত পত্রগুলিতে রবীন্দ্রনাথ ঠাকুরের বিশ্ববোধের গভীরতা, প্রকৃতিপ্রেম ও দার্শনিক মনের পরিচয় পাওয়া যায়।" এই মন্তব্যের আলোকে ১ নং পত্রের মূল ভাবনা তোমার নিজের ভাষায় লেখো।

**একক—৫**

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'আধুনিক সাহিত্য' গ্রন্থের বিহারীলাল প্রবন্ধটি কত সালে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(খ) বঙ্কিমচন্দ্র সম্পাদিত সাময়িক পত্রের নাম কী? সাময়িক পত্রটি কত সালে প্রথম প্রকাশিত হয়েছিল?

(গ) "'সারদামঙ্গল' এক অপরূপ কাব্য।" 'সারদামঙ্গল' কাব্যের কবি কে? এটি কোন্ পত্রে প্রথম প্রকাশিত হয়েছিল?

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'আধুনিক সাহিত্য' গ্রন্থের 'বঙ্কিমচন্দ্র' প্রবন্ধের মূল বক্তব্য বিষয় তোমার নিজের ভাষায় আলোচনা করো।

(খ) "সেই উষালোকে কেবল একটি ভোরের পাখি সুমিষ্ট সুন্দর সুরে গান ধরিয়াছিল। সে সুর তাহার নিজের।" এই মন্তব্যের আলোকে কবি বিহারীলাল সম্বন্ধে রবীন্দ্রনাথের ভাবনা বিশ্লেষণ করো।

★★★